তারিখ ........
পৃষ্ঠা ২ কলাম ২

# অবশেষে ইবি'র বঙ্গবন্ধু হল খুলে দেয়া হয়েছে

## ☐ সিট বণ্টনে অনিয়মের অভিযোগে ছাত্রলীগের বিক্ষোভ

কেশব পোদ্দার, ইবি থেকে

অবশেষে সব অনিশ্চয়তা ও জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে গতকাল কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বঙ্গবন্ধু হল খুলে দেয়া হয়েছে গতকাল সোমবার। এদিকে ছাত্রলীগ বঙ্গবন্ধু হলে সিট বণ্টনে অনিয়মের অভিযোগ তুলে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। তবে কান অপ্রীতিকর ঘটনা ঘটেনি। হল কর্তৃপক্ষ ইতিপূর্বে কয়েকবার ছাত্রদের হলে ওঠানোর উদ্যোগ নিলেও ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে আসন বণ্টন প্রশ্নে মতপার্থক্য থাকায় তা সম্ভব হয়ে ওঠেনি। গতকাল এই হলে আসনপ্রাপ্ত ছাত্রদের কাছে রুমের চাবি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।

১৯৯৯ সালের ৫ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনের দিন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের উদ্বোধন ঘোষণা করার ৪২৬ দিন পর হলটি ছাত্রদের জন্য খুলে দেয়া হল। হল উদ্বোধনের পর বেশ কয়েকবার ছাত্রদের হলে ওঠানার উদ্যোগ নেয়া হলেও হল প্রভোস্টের পদত্যাগ, প্রশাসনের জটিলতা ও প্রশাসনের সিদ্ধান্তের সঙ্গে কিছু ছাত্র সংগঠনের মতের অমিল থাকায় হরতাল-অবরোধের কারণে এতদিন আসন বণ্টন প্রক্রিয়া স্থবির হয়েছিল। সর্বশেষ গত বৃহস্পতিবার কর্তৃপক্ষ ছাত্রদের হলে ওঠানোর কথা ঘোষণা করলেও ওইদিন ছাত্রলীগ হরতাল ডাকার কারণে তা সম্ভব হয়নি।

এদিকে দীর্ঘদিন পর রুমের চাবি হাতে পাওয়ায় ছাত্রদের বেশ খুশি দেখা যায়। সিট সংক্রান্ত বিষয় নিয়ে হলের নয়া প্রভোস্ট হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ হোসেন যুগান্তরকে জানান, 'সিট বণ্টন সংক্রান্ত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নীতিমালা অনুযায়ীই সিট দেয়া হয়েছে।' তবে ছাত্রলীগ নেতারা বলছে, তাদের ঠকানো হয়েছে।

দেশী-বিদেশী ব্লকে ভাগ করা অত্যাধুনিক বঙ্গবন্ধু হল নির্মাণে সাড়ে ৬ কোটি টাকা ব্যয় হয়।